# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

স্মারক নং- জপৌঃসঃ/প্রকৌঃ/২০২৪-২০২৫/ ২৫৬ তারিখ- ২৩/০৯/২৪

## সভার নোটিশ

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, কমিটির সভা ২৫/০৯/২০২৩ খ্রিঃ তারিখ রোজঃ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।

২। ডেঙ্গু রোগের ব্যাপকতা বৃদ্ধি পাওয়ায় প্রতিরোধে সচেতনতা মূলক কর্মসূচী গ্রহণ প্রসঙ্গে।

৩। (জুলাই-সেপ্টেম্বর/২০২৪) কোয়াটারে PRAP বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রকল্প অফিসে প্রেরণ সম্পর্কে।

৪। বিবিধ।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩
জয়পুরহাট পৌরসভা।

প্রাপকঃ

.....................................................................

সদস্য/প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।
### সভা নং-১২০

**দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-**

সভাপতি ঃ জনাব মোঃ জাকির হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ২৫-০৯-২০২৪ খ্রিঃ।
রোজ ঃবুধবার।
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | সরকার মোহাম্মদ রায়হান | প্রশাসক, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | স্বাক্ষরিত |
| ৩ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | পাপিয়া | কাউন্সিলর, সংরক্ষিত-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ ওলিউজ্জামান | কাউন্সিলর, ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | মোঃহাসানুজ্জামান | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৭ | মোছাঃ নাসরিন | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |

**আলোচ্য বিষয় ঃ ১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।**

আলোচনা ঃ- গত ১০/০৬/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ১০/০৬/২০২৪ খ্রিঃ তারিখে সভার কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

**২নং আলোচ্য বিষয় ঃ ডেঙ্গু রোগের ব্যাপকতা বৃদ্ধি পাওয়ায় প্রতিরোধে সচেতনতা মূলক কর্মসূচী গ্রহণ প্রসঙ্গে।**

আলোচনাঃ সভাপতি আলোচ্য বিষয়ে বলেন, বর্তমানে দেশব্যাপী ডেঙ্গু রোগ ব্যাপকভাবে ছড়িয়ে পড়েছে। আমরা জানি ডেঙ্গু এডিস মশা বাহিত রোগ অর্থাৎ ডেঙ্গুর ভাইরাস বাহিত মশা মানব দেহে কামড় দিলে ডেঙ্গু রোগের সৃষ্টি হয়। প্রতিদিন বিভিন্ন সংবাদ মাধ্যমে থেকে জানা যাচ্ছে দেশের বিভিন্ন জায়গায় ডেঙ্গু রোগে অনেক মানুষ আক্রান্ত হচ্ছে, তাদের মধ্যে অনেকে মারা যাচ্ছে। এমনকি আমাদের জয়পুরহাট শহরেও ডেঙ্গু রোগের রোগী দেখা যাচ্ছে। তাই আমাদের ডেঙ্গু রোগ হতে মুক্ত থাকার জন্য বিভিন্ন ধরনের সচেতনা মূলক কর্মসূচী গ্রহণ করতে হবে।

মোছাঃ জান্নাতুল ফেরদৌস, কাউন্সিলর (সংরক্ষিত-০১) জয়পুরহাট পৌরসভা ও সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি বলেন, ডেঙ্গু থেকে বাঁচতে হলে আমাদের করণীয় কি তা আমাদের জানতে হবে এবং সে অনুযায়ী প্রতিকারের ব্যবস্থা,গ্রহণ করতে হবে। আমরা জানি বাড়ীর আসপাশে বিভিন্ন জায়গায় জমে থাকা পানিতে অর্থাৎ টব, ভাঙ্গা বোতল, ডাবের খোসা, বাসার ছাদে জমা পানি প্রভৃতিতে ডেঙ্গু মশার লাভা সৃষ্টি হয়। তাই তিনি ডেঙ্গু হতে বাচঁতে প্রতিকারের উপায় সমূহ নিম্লোক্ত ভাবে তুলে ধরেনঃ-

১) বাড়ীর আসপাশে কোথাও যেন পানি জমে না থাকে ও পরিস্কার পরিচ্ছন্ন রাখা।
২) বাড়িতে মশারি, মশা তাড়ানোর ঔষধ ব্যবহার করা।
৩) বাইরে যাওয়ার সময় ফুলহাতা জামা ব্যবহার করা।
৪) জানালায় নেট লাগানো অথবা দরজা জানালা বন্ধ করে রাখা।
৫) ডেঙ্গুর লক্ষণ থাকলে ডাক্তার দেখানো।
৬) সাধারনত দিনের বেলা ও সন্ধ্যার সময় ডেঙ্গু মশা কামড়ায়।

মোঃ ওলিউজ্জামান, কাউন্সিলর, ওয়ার্ড নং-০১, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি বলেন, এখন আবহাওয়াগত কারণে সিজিনাল জ্বর ও সর্দি হচ্ছে। এজন্য কোনটি নরমাল সিজিনাল জ্বর আর কোনটি ডেঙ্গু জ্বর, সেজন্য ডেঙ্গু জ্বরের লক্ষণ সমূহ জানা দরকার। যেমন- জ্বর হওয়া, আতিরিক্ত মাথা ব্যাথা, চোখের চারপাশে ব্যাথা, পেশিতে ও হাড়ের গিটে ব্যাথা, বমি ও বমি বমি ভাব, ত্বকে লাল ছোপ ছোপ দাগ, নাক থেকে রক্তপাত।

মোছাঃ মর্জিনা বেগম, প্রতিনিধি (দরিদ্র শ্রেণী), দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি সভায় বলেন, দরিদ্র মানুষের মধ্যে ডেঙ্গু রোগের লক্ষণ ও ডেঙ্গু প্রতিকারের বিষয়ে সচেতনতার অভাব রয়েছে, তাই দরিদ্র এলাকা গুলোতে বেশী করে জনসচেতনতা মূলক কর্মসূচী গ্রহণ করা দরকার।

আলোচনা চলাকালে সভাপতি আবারও বলেন, ইতিমধ্যে ডেঙ্গু প্রতিরোধের জন্য মেয়র মহোদয়ের উদ্যেগে বিভিন্ন সচেতনতা মূলক মাইকিং, ফগার মিশিনের মাধ্যমে মশক নিধন স্প্রে করন সহ ওয়ার্ড ভিত্তিক কমিটি গঠন এবং ডেঙ্গু বিষয়ে সার্বিক মনিটরিং করার জন্য পৌরসভায় কমিটি গঠন করা হয়েছে।

**সিদ্ধান্ত ঃ** এলাকা ভিত্তিক সেচ্ছাসেবী তৈরী করে ব্যাপক সচেতনতা ও পরিস্কার পরিচ্ছন্নতা কর্মসূচী গ্রহণ। ওয়ার্ড ভিত্তিক গঠিত কমিটি গুলোকে কর্যকর করণে ওয়ার্ড কাউন্সিলর গণের উদ্যেগ গ্রহণ এবং পৌরসভা হতে টিম গঠন করে নিয়মিত বাসাবাড়ী ও বানিজ্যিক প্রতিষ্ঠান গুলোতে এডিস মশার লাভা সৃষ্টি হচ্ছে কিনা তা নিয়মিত তদারকি করা এবং প্রয়োজন বোধে জরিমনা করা।

**আলোচ্য সূচি-৪ ঃ <u>(জুলাই-সেপ্টেম্বর/২০২৪) কোয়াটারে PRAP বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রকল্প অফিসে প্রেরণ সম্পর্কে</u>।**

<u>আলোচনাঃ</u> সভাপতি মহোদয় (জুলাই-সেপ্টেম্বর/২০২৪) কোয়াটারে PRAP বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুতের অগ্রগতি সমন্ধে উক্ত কমিটির সদস্য সচিব জনাব মোঃ হাসানুজ্জামান এর দৃষ্টি আকর্ষণ করলে তিনি বলেন, PRAP বাস্তবায়ন, সংক্রান্ত ত্রৈমাসিক কর্ম-পরিকল্পনার আলোকে উক্ত কোয়াটারে কিছু কিছু কাজ বাস্তবায়ন করা হয়েছে। যেমন- হতদরিদ্রদের মাঝে চিকিৎসা সহায়তা প্রদান, দরিদ্র পুরুষদের মাঝে বস্ত্র বিতরণ, দরিদ্র ছাত্রদের মাঝে বিনামূল্যে বই বিতরণ, চিকিৎসা ও আর্থিক সাহায্য প্রদান প্রভৃতি। প্রকল্প অফিস হতে প্রাপ্ত ফরমেট অনুযায়ী জয়পুরহাট পৌরসভার PRAP বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি যথাযথভাবে পুরুন করে আগামী ০৬/১০/২০২৪ তারিখের মধ্যে প্রেরণ জন্য প্রস্তত করা হবে।

**সিদ্ধান্ত ঃ** PRAP বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রকল্প অফিস হতে প্রাপ্ত ফরমেট অনুযায়ী এ কমিটির সভাপতির সহযোগিতায় উক্ত কমিটির সদস্য সচিব মোঃ হাসানুজ্জামান কে প্রতিবেদন প্রস্তুতের জন্য বলা হলো।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**(মোঃ জাকির হোসেন)**
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২৪-২০২৫/ ২৫২

তারিখ- ২০/০৯/২৪ ইং

**<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ</u>**

১। প্রশাসক, জয়পুরহাট পৌরসভা
২। জনাব/জনাবা ........................................................ সদস্য
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
৩। অফিস নথি।

**(মোঃ জাকির হোসেন)**
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর নিম্নরূপ- (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন, কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ২৫/০৯/২০২৪ ইং।
রোজ ঃবুধবার
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩ জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ২ | সরকার মোহাম্মদ রায়হান | প্রশাসক, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৩ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১) জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৪ | মোঃ ওলিউজ্জামান | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-১ জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৫ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২) জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৬ | মিজানুর রহমান | সহকারী প্রকৌশলী(সিভিল)(ভারঃ) জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৭ | মোছাঃ নাসরিন বেগম | দারিদ্র শ্রেণীর প্রতিনিধি | সদস্য | |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | দারিদ্র শ্রেণীর প্রতিনিধি | সদস্য | |
| ৯ | মোঃ হাসানুজ্জামান | সমাজ উন্নয়ন কর্মকর্তা জয়পুরহাট পৌরসভা | সদস্য-সচিব | |